भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

पश्चिमबंग पश्चिम बंगाल WEST BENGAL H 658981

11 SEP 2013 10 SEP 2013

থানা - সোনারপুর, মৌজা - রাজিপুর

আনুমানিক ৩,০০,০০০ তিন লক্ষ টাকা মূল্যের সম্পত্তির

## দানপত্র দলিল ঃ

দানপত্র গ্রহীতা ঃ

শ্রী দেবাশীষ ঘোষ, পিতা-শ্রী নিতাই চন্দ্র ঘোষ, জাতি-হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- ব্যবসা, সাকিন-৬৯, রামরতন ঘোষ রোড, পোস্ট- রাজপুর থানা-সোনারপুর, কলকাতা -- ৭০০ ১৪৯, জেলা দক্ষিন ২৪ পরগনা।

Scanned with CamScanner

**Government Of West Bengal**
**Office Of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 07324 of 2013**
**(Serial No. 07419 of 2013 and Query No. 1604L000015833 of 2013)**

**On 10/09/2013**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 20.30 hrs on :10/09/2013, at the Private residence by Netai Chandra Ghosh ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 10/09/2013 by

1. Netai Chandra Ghosh, son of Lt. Sailendra Nath Ghosh , 69 Ramratan Ghosh Rd, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700149, By Caste Hindu, By Profession : Retired Person
2. Debashis Ghosh, son of Netai Ch Ghosh , 69 Ramratan Ghosh Rd, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700149, By Caste Hindu, By Profession : Business

Identified By Asit Kumar Nandi, son of Lt. R K Nandi, Sarkarpara Rd, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700149, By Caste: Hindu, By Profession: Business.

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

**On 11/09/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 4 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 14830.00/-, on 11/09/2013

( Under Article : A(1) = 14784/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 11/09/2013 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-13,44,999/-

Certified that the required stamp duty of this document is Rs.- 6745 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 1000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 5770/- is paid, by the draft number 836223, Draft Date 09/09/2013, Bank : State Bank of India, SONARPUR, received on 11/09/2013

( Smritikana Panda )
DISTRICT SUB-REGISTRAR-IV

( SmritikanaPanda )
**DISTRICT SUB-REGISTRAR-IV**

/09/2013 15:32:00 EndorsementPage 1 of ...

Scanned with CamScanner

দানপত্র দাতা ঃ-

শ্রী নিতাই চন্দ্র ঘোষ পিতা - স্বর্গীয় শৈলেন্দ্র নাথ ঘোষ, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - অবসর প্রাপ্ত, সাকিন- সাকিন-৬৯, রামরতন ঘোষ রোড, পোস্ট- রাজপুর থানা- সোনারপুর, কলকাতা -- ৭০০ ১৪৯, জেলা দক্ষিন ২৪ পরগণা।

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত কমবেশী ৬.১৭ শতক বা স্থানীয় মাপে কমবেশি ৩ কাঠা ১১ ছটাক ৩৭ বর্গফুট বাগান ও পুকুর পাড় জমিজমা মায় ইহার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক মায় আকর আওলাতাদি মায় সংলগ্ন রাস্তার যাবতীয় ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পূর্ণ নির্দ্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় সম্পত্তির শুভ নিঃশর্ত দানপত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা ও এ.ডি.এস.আর অফিস-সোনারপুর, পরগনা - মেদনমল্ল, অত্র জেলা কালেক্টারীর মহাল ২৫১ নং তৌজীভুক্ত , জে. এল. নং -- ৫৫, রেঃ সাঃ নং -- ১০৯, হাল রাজপুর - সোনারপুর পৌরসভার ১৭ নং ওয়ার্ড অধীন মৌজা রাজপুর গ্রামে হাল মালিক পশ্চিমবঙ্গঁ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর অধীন রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে ১২১৬, ১২৩৪, ১৮০৭, ১৮১১, ১৮৩৭, ১২১৯, ১২১৮,

Scanned with CamScanner

১২৩৩, ১৮১০, ১৮০৬, ১২৩১ ও ১২১৪ নং খতিয়ান ভুক্ত ৫২২ নং দাগে ১২ শতক ও ৫২৪ নং দাগে ২৫ শতক একুনে ৩৭ শতক বাগান পুকুরপার জমি জমা সহ আন্যান্য জমিজমা অত্র দানপত্র দাতা আমি ও আমার অপর পাঁচ সহোদর ভ্রাতা যথা- গৌর চন্দ্র ঘোষ, কৃষ্ণ কমল ঘোষ.গোষ্ঠ বিহরী ঘোষ, কল্যান কুমার ঘোষ ও অমিয় কুমার ঘোষ পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া সরকার বাহাদুর সেরেস্তায় আমাদের নাম পত্তন পূর্বক.ধার্য্য খাজনাদি আদায় দিয়া এজমালে নির্ব্বিবাদে ভোগদখল করিয়া আসিতে থাকায় আমি উক্ত ৩৭ শতক জমিজমার ১/৬ অংশ হিসাবে অবিভক্ত কমবেশি ৬.১৭ শতক বা স্থানীয় মাপে কমবেশি ৩ কাঠা ১১ ছটাক ৩৫ বর্গফুট জমিজমার মালিক ও ভোগদখলীকার নিয়ত আছি ও হইতেছি।

এক্ষনে অত্র দানপত্র গ্রহিতা তুমি আমার ঔরসজাত একমাত্র পুত্র হইতেছ। তোমার ব্যবহার, কর্তব্য পরায়ণতায ও সেবাযত্নে আমি অতিব সন্তুষ্ট ও প্রীত। ভবিষ্যতেও তোমার. নিকট হইতে এইরূপ ব্যবহার পাইব আশা রাখিয়া এবং তোমার প্রতি ভালোবাসার নিদর্শন স্বরূপ আমার উক্ত ও নিম্নতপশীল বর্ণিত অভিক্ত কমবেশী ৩ তিন কাঠা ১১ এগারো ছটাক ৩৫ বর্গফুট জমি জমা তোমাকে দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে এবং তুমি আমার অত্র দান সানন্দে গ্রহণ করিতে সম্মত হইলে, আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ৩ তিন কাঠা ১১ এগারো ছটাক ৩৫ বর্গফুট জমি তোমাকে দান করিয়া এবং তোমার নাম বরাবর অত্র দানপত্র দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা, স্বীকার, অঙ্গীকার, ঘোষণা, প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ-

Scanned with CamScanner

অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত অত্র দানকৃত সম্পত্তিতে আমার যে সকল স্বত্ব, স্বামিত্ব, দখল, লভ্য, ইজমেন্ট রাইট, দরবস্তু, হক, হকুক মায় আকর আওলাতাদি যাহা কিছু ছিল বা আছে তৎসমুদয় হইতে চ্যুত হইয়া তোমার প্রতি বর্ত্তিল ও অর্পিল। অদ্য হইতে অত্র দানকৃত সম্পত্তিতে তুমি আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মায় দখলে কায়েম দখলীকার হইয়া সরকার বাহাদুর সেরেস্তায় ও স্থানীয় পৌর সভা অফিসে নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য খাজনাদি মায় ট্যাক্সাদি আদায় দিয়া উহার যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করণ ক্ষমতায় ক্ষমতাযুক্ত হইয়া পুত্র , পৌত্রাদি মায় ওয়ারিশান গণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক ইহাতে আমি কিংবা আমার অন্য কোন ওয়ারিশানগণ কস্মিনকালে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা অত্র দানপত্র দলিল বলে সর্ব্বত্র সর্ব্ব অফিস আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহাকেও কোনরূপ ভাবে হস্তান্তর করি নাই বা করিব বলিয়া কাহারও সহিত কোনরূপ চুক্তি বা বায়নাপত্রে আবদ্ধ হই নাই। ইহা কোনরূপ দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে বা ইহা কোনরূপ সরকার বা পাবলিক বড়ি কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অত্র দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় তোমাকে দান করিয়া এবং দানকৃত সম্পত্তিতে ষোল আনা খাস দখল বুঝাইয়া দিয়া উহা হইতে চীরতরে দখলীচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের কোন অংশে ভুল ত্রুটি প্রকাশ পাইলে তোমার তলবমত যে কোন প্রকার সংশোধনী দলিল বা ঘোষনা পত্র দলিল রেজিস্ট্রী

Scanned with CamScanner

করিয়া দিব।

এতদর্থে সুস্থ মস্তিষ্কে, স্বজ্ঞানে, স্বেচ্ছায়, অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্র দলিলে পাঠ করিয়া এবং ইহার মর্ম্মার্থ ও ফলাফল বুঝিয়া নিম্নে স্বাক্ষরকারী সাক্ষীগণের সাক্ষাতে অত্র দানপত্র দলিলে নিজ নাম সহি সম্পাদন করিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০১৩ সালের - ১০ই সেপ্টেম্বর।

মোতাবেক বাংলা ১৪২০ সনের - ২৪ শে ভাদ্র।

## — ঃঃ তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ঃঃ —

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও এ.ডি.এস.আর অফিস- সোনারপুর, পরগনা- মেদনমল্ল, অত্র জেলা কালেক্টারীর মহাল ২৫১ নং তৌজীভুক্ত, জে. এল. নং - ৫৫, রেঃ সাঃ নং -- ১০৯, হাল রাজপুর - সোনারপুর পৌরসভার ১৭ নং ওয়ার্ড অধীন মৌজা রাজপুর গ্রামে হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর অধীন আর.এস. জরিপে ১২১৬, ১২৩৪,১৮০৭, ১৮১১,১৮৩৭, ১২১৯, ১২১৮, ১২৩৬, ১৮১০, ১৮০৬, ১২৩১ ও ১২১৪ নং খতিয়ান ভুক্ত আর.এস. ৫২২ নং দাগে ১২ শতক ও আর.এস. ৫২৪ নং দাগে ২৫ শতক একুনে ৩৭ শতক বাগান পুকুরপাড় জমি জমা মধ্যে আমার ১/৬ অংশে পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত অবিভক্ত কমবেশী ৩ (দুই .) কাঠা ১১ (এগারো) ছটাক ৩৫ বর্গফুট বাগান ও পুকুর পার জমি জমা মায় ইহার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক্ হকুক মায় আকর আওলাতাদি মায় সংলগ্ন রাস্তার যাবতীয় ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি

অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। দানকৃত সম্পত্তির বর্তমান ধার্য্যাকৃত হারাহারি বার্ষিক খাজনা দক্ষিণ ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর সেরেস্তায় সন সন আদায় দিতে হয়।

<u>সমগ্র সম্পত্তির চৌহদ্দী</u>

উত্তরে :- ৫২১ ও ৫২৩ নং দাগের জমি ও পুকুর।

দক্ষিণে :- ২৪' ফুট প্রশস্থ রাস্তা।

পূর্ব্বে :- ৫১৭ নং দাগের জমি।

পশ্চিমে :- ১২' ফুট প্রশস্থ রাস্তা ও ৫২২ নং দাগের জমির অংশ।

আমার পিতার অত্র দান আমি সানন্দে
ও সশ্রদ্ধ চিত্তে গ্রহণ করিলাম।

Debarati Ghosh
দানপত্র গ্রহীতার স্বাক্ষর

নিতাই চন্দ্র ঘোষ
দানপত্র দাতার স্বাক্ষর

মুসাবিদাকারক :

Goutam Mukhopadhyay

এ্যাডভোকেট ;
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা - ৭০০০২৭।।
WB-291/96

কম্পিউটার প্রিন্টএ্যাট :-
রামঠাকুর কম্পিউটার এ্যান্ড জেরক্স
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা - ২৭।।

অক্ষর বিন্যাস :-
মান্নালাল বিশ্বাস
মান্নালাল বিশ্বাস

<u>ইসাদী</u> :-

১) শ্রী অসিতকুমার নন্দী,
সাং - সরকারপাড়া লেন, পো - রাজপুর,
থানা - সোনারপুর - কোলকাতা - ৭০০১৪৯,

২) শ্রী নির্মল লাহিড়ি
পিতা - মৃত শিবরাম লাহিড়ি
সাং - মালিবাগান রাজপুর
থানা - সোনারপুর, কলি. ৭০০১৪৯

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name [illegible]

Signature .............................

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name [illegible]

Signature .............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name .................................

Signature .............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name .................................

Signature .............................

Scanned with CamScanner